



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২


বিজ্ঞপ্তি

কর্পোরেশনের আইসিটি নিরাপত্তা ঝুঁকি (ICT Security Risk) হ্রাসকরণ, আইসিটি রিসোর্সের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, ইন্টারনেট ব্যান্ডউইথ এর অপব্যবহার রোধকরণ, বিদ্যুত ব্যবহারে সাশ্রয়ী হওয়া এবং শাখা কার্যালয়সহ প্রধান কার্যালয়ে সেন্ট্রালাইজড ডেটাবেজ সিস্টেম চালুকল্পে নেটওয়ার্ক সিকিউরিটি ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে কর্পোরেশনের সকল পিসি/ল্যাপটপ ব্যবহারকারীকে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করার জন্য পরামর্শ প্রদান করা হলোঃ

- ক) কর্পোরেশনের আইসিটি সংক্রান্ত সকল কার্যক্রমে “আইসিটি সিকিউরিটি পলিসি-২০২১” (প্রজ্ঞাপন নং-০৪/২০২২; তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২২) পরিপালন করতে হবে;
- খ) ইমেইল সিস্টেম ব্যবহারে কর্পোরেশন ও সরকারের ইমেইল ব্যবহার নীতিমালা (প্রশাসনিক পরিপত্র নং-৩২/২০২১; তারিখঃ ২২ আগস্ট ২০২১) অনুসরণ করতে হবে;
- গ) যেসকল পিসি/ল্যাপটপে কর্পোরেশনের সফটওয়্যার/এপ্লিকেশন পরিচালিত হয় সেসকল পিসি/ল্যাপটপে শুধুমাত্র ই-নথি, আইসিবি ওয়েবমেইল, বিভিন্ন সরকারি ওয়েবসাইট এবং কর্পোরেশন ও এর কার্যক্রম সংশ্লিষ্ট ওয়েবসাইট ব্যতিত অন্যান্য ওয়েবসাইট ব্রাউজিং পরিহার করতে হবে। অপরিচিত অথবা সন্দেহজনক কোন উৎসের লিংক-এ ক্লিক করা যাবে না;
- ঘ) সকল প্রকার Streaming Site, Torrent Site ব্যবহার পরিহার করতে হবে, তবে প্রশিক্ষণের প্রয়োজনে সীমিত আকারে ইউটিউব ব্যবহার করা যেতে পারে;
- ঙ) কর্পোরেশনের সকল পিসি/ল্যাপটপে অননুমোদিত/পাইরেটেড/ক্র্যাকড কোন সফটওয়্যার/ফাইল ইনস্টল/ডাউনলোড করা যাবে না;
- চ) ইউএসবি ড্রাইভ (পেনড্রাইভ, পোর্টেবল হার্ডডিস্ক ইত্যাদি) ব্যবহারে চূড়ান্ত সতর্কতা অবলম্বন করতে হবে। প্রতিবার End Point Security (অ্যান্টিভাইরাস) কর্তৃক স্ক্যান করে ইউএসবি ড্রাইভ পিসি অথবা ল্যাপটপে ব্যবহার করতে হবে;
- ছ) বাহিরের কোন ইউএসবি ড্রাইভ কর্পোরেশনের কম্পিউটার সিস্টেম/নেটওয়ার্কে ব্যবহার করা যথাসম্ভব পরিহার করতে হবে, একইভাবে কর্পোরেশনের কম্পিউটার সিস্টেম/নেটওয়ার্কে ব্যবহৃত ইউএসবি ড্রাইভ বাহিরের কোন পিসি/ল্যাপটপে ব্যবহার করা যাবে না;
- জ) কর্পোরেশনের সকল পিসি/ল্যাপটপে কোন বাহিরের মডেম ব্যবহার করে ইন্টারনেট অ্যাক্সেস করা যাবে না;
- ঝ) পিসি/ল্যাপটপে কোন প্রকার ভাইরাস, ম্যালওয়্যার অথবা অস্বাভাবিক কার্যক্রম পরিলক্ষিত হলে দ্রুত হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে; এবং
- ঞ) বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য পিসি/ল্যাপটপে পাওয়ার সেভিং মোড ব্যবহার করতে হবে।

০২। উপর্যুক্ত নির্দেশনাবলি সুষ্ঠুভাবে পরিপালনের বিষয়টি ডিপার্টমেন্ট প্রধানগণ তত্ত্বাবধান করবেন। এছাড়া সার্বিকভাবে হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন নিয়মিত মনিটরিং করবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


(বিভাস সাহা)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।